চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১১ মার্চ ২০১৭ খ্রি.

শিক্ষা ক্ষেত্রে বিনিয়োগ সর্বউৎকৃষ্ট বিনিয়োগ--সিটি মেয়র
কাপাসগোলা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সিটি কর্পোরেশন ভোলানাথ মনোরমা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, শিক্ষা ক্ষেত্রে বিনিয়োগ সর্বউৎকৃষ্ট বিনিয়োগ। অর্থনৈতিক অগ্রযাত্রা টেকসই করতে হলে শিক্ষা খাতে বিনিয়োগের বিকল্প নেই। কিন্তু শিক্ষার উৎপাদন সুদুর প্রসারী ও দীর্ঘমেয়াদী। জাতীয় জীবনে এর প্রভাব ও সুফল অবশ্যম্ভাবী । একটি জাতিকে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে উন্নয়নের উচ্চ শিখরে আরোহন করতে হলে সর্বাগ্রে প্রয়োজন শিক্ষার উপর গুরুত্বারোপ। জাতি গঠনের শ্রেষ্ঠ মাধ্যম হচ্ছে শিক্ষা। শিক্ষা এমন একটি পদ্ধতি যার মাধ্যমে জ্ঞান ও দক্ষতা অর্জন করা সম্ভব। একটি জাতিকে উন্নত করার পিছনে শিক্ষা ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন অপরিহার্য। বাংলাদেশ শিক্ষাক্ষেত্রে অনেক দুর এগিয়ে গেছে। বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। বাংলাদেশ নিম্ন মধ্য আয়ের দেশে পরিনত হয়েছে। ২০২১ সনের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিনত হবে। সিটি মেয়র বলেন, বর্তমান সরকরের উন্নয়নের গুরুত্বপূর্ণ ধাপগুলো হলোঃ- বিনিয়োগ বিকাশ, পরিবেশ সুরক্ষা, ডিজিটাল বাংলাদেশ, নারীর ক্ষমতায়ন, আশ্রয়ন, শিক্ষা সহায়তা, একটি খামার, কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ, সামাজিক নিরাপত্তা কর্মসূচি এবং ঘরে ঘরে বিদুৎ। মানব সম্পদ উন্নয়নে শিক্ষার ভূমিকা সর্বাধিক গুরুত্বপূর্ণ। ১১ মার্চ ২০১৬ খ্রি. শনিবার, সকালে কাপাসগোলা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সিটি কর্পোরেশন ভোলানাথ মনোরমা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। কাপাসগোলা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লোকমান হাকিম মো. ইব্রাহিম ও সিটি কর্পোরেশন ভোলানাথ মনোরমা উচ্চ বিদ্যালয়ের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাউন্সিলর সাহেদ ইকবাল বাবু । অনুষ্ঠানে বক্তব্য রাখেন কাউন্সিলর সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, শিক্ষা ও স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ও কাউন্সিলর নাজমুল হক ডিউক, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আঞ্জুমান আরা বেগম, সিটি কর্পোরেশন ভোলানাথ মনোরমা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নজরুল ইসলাম, ২নং জালালাবাদ ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো. ইয়াকুব, আওয়ামীলীগ নেতা কাজী আবদুল মালেক, কাজী হুমায়ুন আলম মুন্না, এনামুল হক, সহকারী জেলা প্রাশমিক শিক্ষা অফিসার ঋষিকেশ শীল, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর এড: নোমান চৌধুরী, চকবাজার ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি কাজী আবদুর রহমান, কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের অধ্যক্ষ মনোয়ার জাহান,

কাপাসগোলা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুকুমার দেবনাথ, অভিভাবক কমিটির সভাপতি আমিনুল হক রঞ্জু, ওয়ার্ড যুবলীগ সভাপতি একরাম হোসেন, শামীম আরা বেগম, জোৎসনা আকতার, জয়নাব বেগম, এস এম দেলোয়ার হোসেন, আমিনুল ইসলাম আমিন, কায়সার আহমদ, শিল্পী বড়ুয়া, তসলিমা আকতার মনি। স্বাগত বক্তব্য রাখেন প্রধান শিক্ষক রঞ্জনা সেন। প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, মহান মার্চ মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার ঘোষনা দিয়েছিলেন। স্বাধীনতা যুদ্ধে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর

রহমান এর অবদান অবিস্মরণীয়। তিনি বলেন, ছাত্র সমাজ দেশ গঠনের মূল চালিকা শক্তি। ছাত্ররাই সুশিক্ষায় শিক্ষিত হয়ে আগামী দিনে দেশ ও জাতির নেতৃত্ব দেবে। মেয়র বলেন, শিক্ষকতা একটি মহৎ পেশা। এ পেশার মর্যাদা অন্য পেশার চেয়ে অনেক বেশী সম্মানীয়। শিক্ষার্থীরা আমাদের সম্পদ। ছাত্র-ছাত্রীদের সুনাগরিক হিসেবে গড়ে তোলা শিক্ষকদের প্রধান দায়িত্ব। শিক্ষার্থীদের সৎ, চরিত্রবান, নীতি-নৈতিকতা ও মূল্যবোধের শিক্ষা দিতে হবে। প্রত্যেকটি ছাত্র-ছাত্রী লক্ষ্য নির্ধারণ করে লেখা পড়ার প্রতি মনোযোগী হতে হবে এবং মা-বাবাদের সম্মান করতে হবে। মেয়র এ শহরকে আধুনিক, পরিচ্ছন্ন ও বাসযোগ্য শহর হিসেবে গড়ে তোলার জন্য ছাত্র-ছাত্রী এবং শিক্ষকদের অগ্রনী ভূমিকা পালন করার আহবান জানান। মেয়র আরো বলেন, মাদকের ভয়াল তাবাই বিপন্ন তরুন সমাজ। তরুন সমাজ যেভাবে মাদকাসক্ত হয়ে পড়েছে জনমনে দেখা দিয়েছে উদ্বিগ্ন ও শংকা। এক শ্রেণীর বেকার তরুনেরা এ সর্বনাশা পথে পা বাড়িয়েছে। নগরীকে মাদকমুক্ত রাখার জন্য অভিভাবক ও যুবসমাজকে এগিয়ে আসতে হবে। মাদককে না বলুন, মাদকমুক্ত সমাজকে হ্যাঁ বলুন। এ শ্লোগান মানুষের ধারে ধারে পৌছে দিতে হবে। অনুষ্ঠানে শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম-১১ মার্চ ২০১৭ খ্রি.

লালখান বাজারস্থ শহীদ মোস্তফা আলী দুলাল সড়ক উদ্বোধন করেন
সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম নগরীর ১৪নং লালখান বাজার ওয়ার্ডস্থ শহীদ মোস্তফা আলী দুলাল সড়ক (সুজন আবাসিক এলাকার) উন্নয়নকৃত রাস্তাটি শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়র আ জ ম নাছির উদ্দীন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল থেকে ৫৯ লক্ষ টাকা ব্যয়ে রাস্তাটি নির্মাণ করা হয়েছে। ১১ মার্চ ২০১৭ খ্রি. শনিবার, দুপুরে ফলক উন্মোচন করে রাস্তার উদ্বোধন করা হয়। সড়ক উদ্বোধনী অনুষ্ঠান ও সুধি সমাবেশে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান। সিটি কর্পোরেশনের প্রধান কাজ পরিস্কার পরিচ্ছন্নতা, নালা-নর্দমা সংস্কার, রাস্তা-ঘাটের উন্নয়ন ও সড়ক বাতি আলোকায়ন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন লালখান বাজার ওয়ার্ড কাউন্সিলর এ এফ কবির আহমদ মানিক, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক দিদারুল আলম মাসুম, বাকলিয়া আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক মাসুদ করিম টিটু, আন্দরকিল্লা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক দিদারুল আলম চৌধুরী, জামাল খান ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো. মোরশেদুল আলম । রাস্তার উদ্বোধনী অনুষ্ঠানে তত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, প্রকৌশলী রফিক উদ্দিন সিদ্দিকী ও উপ সহকারী প্রকৌশলী এজাজুল হায়দার উপস্থিত ছিলেন ।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা